যায়যায়দিন

তারিখ : 15 JAN 2008
পৃষ্ঠা : ২ কলাম : ৬

১৮ finan

# ১৩৯টি অনার্স কলেজে আজ থেকে লাগাতার ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পাঠদানকারী দেশের সব কলেজে লাগাতার ধর্মঘট ডেকেছেন ছাত্রছাত্রীরা। বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ব[র্ষ] অনার্সের ইংরেজির প্রশ্নপত্র ফাঁস ও পরীক্ষা

ধর্মঘট : পৃষ্ঠা ১০ : কলাম ৭

## ধর্মঘট : কলেজে

পেছানোর প্রতিবাদে এবং অটো পাসের দাবিতে তারা এ কর্মসূচি ঘোষণা করেছেন। সোমবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে সংবাদ সম্মেলনে রাজধানীর বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা কর্মসূচি ঘোষণাকালে বলেন, অনতিবিলম্বে প্রশ্ন ফাঁসকারীদের চিহ্নিত করে বিচার করতে হবে।

বর্তমানে দেশের ১৩৯টি সরকারি-বেসরকারি কলেজে অনার্স প্রোগ্রাম চালু আছে।

সংবাদ সম্মেলনে বলা হয়, একই দাবিতে রোববার তারা ঢাকা কলেজের অধ্যক্ষের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর স্মারকলিপি দেন। তারা জাতীয় বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সিদ্ধান্ত নেয়ার জন্য ২৪ ঘণ্টা সময় দিয়েছিলেন। কিন্তু কর্তৃপক্ষ দাবি মানেনি। তাই তারা এ কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হয়েছেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঢাকা কলেজের ফয়সাল, রাজীব ও মিলন, হাবিবুল্লাহ বাহার বিশ্ববিদ্যালয় কলেজের মাসুম, সরকারি বাংলা কলেজের রবিন এবং সরকারি তিতুমীর কলেজের আশরাফুল ইসলাম প্রমুখ।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষার্থীরা জানান, তারা নন, বরং জাতীয় বিশ্ববিদ্যালয় নিয়ে উপাচার্যসহ দায়িত্বপ্রাপ্তরা ষড়যন্ত্র করছেন। প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে প্রমোট করা তাদের লক্ষ্য নয়। তারা ১১ নভেম্বর ফাঁস হওয়া প্রশ্নপত্র পাননি বলে জানান।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রশ্নপত্র ফাঁসের